গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
সেগুনবাগিচা, ঢাকা।

নথি নং-০৮.০১.০০০০.০৫৪.১১.০০৩.১৮/ তারিখ: ২২ জ্যৈষ্ঠ, ১৪২৫ বঃ
৫ জুন, ২০১৮খ্রিঃ

## কাস্টমস রুলিং (অগ্রিম) নং-০৫/২০১৮

**বিষয়: Hair Oil নামক পণ্যের শ্রেণিবিন্যাস বিষয়ক অগ্রিম রুলিং।**

সূত্র: Halima International এর ০৫/০৪/২০১৮ খ্রিঃ তারিখের আবেদন।

Halima International, Hair Oil নামক পণ্যের শ্রেণিবিন্যাস বিষয়ে অগ্রিম রুলিং চেয়ে জাতীয় রাজস্ব বোর্ডের অগ্রিম রুলিং ইউনিট বরাবর নির্ধারিত ফরম-এ আবেদন করেছেন।

(ক) আবেদনকারির পরিচিতি:

| | |
|---|---|
| আবেদনকারির নাম | Halima International |
| আবেদনকারির ঠিকানা | 21 no. Chawk Circular Road, Dhaka. |
| টেলিফোন নম্বর | 01711536164 |
| ই-মেইল | jia-amin2@hotmail.com |

(খ) রুলিং সংশ্লিষ্ট পণ্যের বিবরণ:

| | |
|---|---|
| পণ্যের জেনেরিক, বাণিজ্যিক এবং প্রচলিতনাম | Hair Oil |
| যে ভৌত অবস্থায় (Form) প্রকৃতিতে আমদানি করা হবে | Liquid |
| উৎস দেশ (কান্ট্রি অব অরিজিন) | India |
| আমদানিকারক কর্তৃক প্রস্তাবিত শ্রেণিবিন্যাস | 3301.19.00 |
| রপ্তানিকারক বা সরবরাহকারি প্রতিষ্ঠানের নাম/ঠিকানা | প্রযোজ্য নয়। |

২। **আবেদনকারির ঘোষণা অনুযায়ী আমদানিয় পণ্যের বিবরণ:**

আমদানিকারক Halima International কর্তৃক দাখিলকৃত তথ্য অনুসারে, আমদানিতব্য Hair Oil এক ধরণের ayurvedic (**essential**) oil, ক্যাটালগ অনুসারে যা scalp-এ ব্যবহারযোগ্য। পণ্যটি খুচরা বিক্রয়যোগ্য প্লাস্টিক কনটেইনারে (নমুনার ছবি দ্রষ্টব্য) আমদানি করা হবে এবং অপরিবর্তিত অবস্থায় বাজারে সরবরাহ করা হবে। পণ্যের ingredients সমূহ নিম্নরুপ:



Fig: Hair Oil

"Bhringraj (eclipta alba), Manduka Parni (bacopa monnieri), Jati, Gunja, Sydha Dhatura, Elayehi, Nili, Indravaruni, Jatamansi, Katranj, Neem, Triphala, Rasot, Vacha, Milk, Godhuma (triticum sativum) oil, Nili oil, Til (sesamum indieura) oil, Lemon (Citrus media) oil, Narivala (coeos nueiiera) oil."

৩। **বর্ণিত পণ্যের শ্রেণিবিন্যাস ও এর পক্ষে যুক্তিসমূহ:**

(ক) কোন একটি আমদানিয়/রপ্তানিয় পণ্যের সঠিক শ্রেণিবিন্যাস নির্ণয়ের জন্য উক্ত পণ্যের সবিস্তার বিবরণ, ক্যাটালগ/ব্রুশিওর, লিটারেচার (প্রযোজ্য ক্ষেত্রে) ইত্যাদি পর্যালোচনার পাশাপাশি Bangladesh Customs Tariff (BCT), World Customs Organization (WCO) এর General Rules for the Interpretation of the Harmonized System (GIR) ও Explanatory Notes এবং বিবেচ্য পণ্য সংশ্লিষ্ট Section Notes পর্যালোচনা করা আবশ্যক।

বর্ণিত পণ্যের শ্রেণিবিন্যাস নির্ধারণে উক্ত রূপ এইচ.এস.কোড শ্রেণিবিন্যাস নীতিমালা পর্যালোচনা করা হয়েছে। পর্যালোচনায় দেখা যায় যে, আমদানিকারকের দাবিকৃত এইচ.এস.কোড ৩৩০১.১৯.০০ এর হেডিং নোট নিম্নরুপ:

"Essential oils (terpeneless or not), including concretes and absolutes; resinoids; extracted oleoresins; concentrates of essential oils in fats, in fixed oils, in waxes or the like, obtained by enfleurage or maceration; terpenic· by-products of the deterpenation of essential oils; queous solution distillates and aqueous solutions of essential oils. "

এছাড়া BCT অনুসারে এইচ.এস.কোড ৩৩০১.১৯.০০ এর হেডিং ৩৩০১ এর সাব-হেডিংসমূহ নিম্নরুপ:

- Essential oils of citrus fruit:
-- Of orange (৩৩০১.১২)
-- Of lemon (৩৩০১.১৩)
-- Of other (৩৩০১.১৯)

অর্থাৎ আমদানিতব্য পণ্যকে এইচ.এস.কোড ৩৩০১.১৯.০০ এর আওতায় শ্রেণিবিন্যস্ত হতে গেলে তাকে citrus fruit এর essential oil হতে হবে। কিন্তু আমদানিকারকের ক্যাটালগ পর্যালোচনায় দেখা যায়, lemon (Citrus media) oil আলোচ্য পণ্য তৈরির শুধুমাত্র একটি উপাদান, যার পরিমাণ ১.০০% v/v. অপরদিকে, Explanatory Notes (Volume-2) এর চ্যাপ্টার ৩৩ এর হেডিং ৩৩০১-এর ব্যাখ্যার ("Essential oils, which serve as raw materials in the perfumery, food and other industries, are of vegetable origin. They are generally of complex composition and contain alcohols, aldehydes, ketones, phenols, esters and terpenes in varying proportions.") সাথে আলোচ্য পণ্যের বর্ণনার সামঞ্জস্যতা পরিলক্ষিত হয়নি। তাছাড়া আলোচ্য পণ্যটি সম্পূর্ণ তৈরি পণ্য বিধায় হেডিং ৩৩০১-এ শ্রেণিবিন্যাসের কোন সুযোগ নেই।

(খ) Explanatory Notes (Volume-2) এর চ্যাপ্টার ৩৩ এর হেডিং ৩৩০৫ এর হেডিং নোট নিম্নরুপ:

"Preparations for use on the hair."

এছাড়া একই হেডিং ৩৩০৫ এর ব্যাখ্যায় বলা আছে,

This heading covers:........ (4) Other hair preparations, such as brilliantines; **hair oils**, creams and dressings; hair dyes and bleaches used on the hair; cream-rinses.

Explanatory Notes এর উপর্যুক্ত ব্যাখ্যা, আমদানিকারকের আবেদন ও সংযুক্ত দলিলাদি পর্যালোচনায় এটা প্রতীয়মান যে, Hair Oil পণ্যটি GIR Rules (1) এর আলোকে, হেডিং ৩৩০৫ এর আওতায় শ্রেণিবিন্যাসযোগ্য।

৪। উল্লিখিত পর্যালোচনা, নমুনা পর্যবেক্ষণ ও অন্যান্য প্রাসঙ্গিক বিষয়াদি বিবেচনায় নিয়ে দেখা যায়, আমদানিতব্য পণ্য হেডিং ৩৩০৫ এর আওতায় এইচ.এস.কোড ৩৩০৫.৯০.০০ এর অধীনে শ্রেণিবিন্যাসযোগ্য।

৫। **অগ্রিম রুলিং:**

Halima International, Dhaka কর্তৃক আমদানিয় Hair Oil নামক পণ্যটি Bangladesh Customs Tariff, General Interpretative Rules (GIR) এবং Explanatory Notes এর ব্যাখ্যানুযায়ী এইচ.এস.কোড ৩৩০৫.৯০.০০ তে শ্রেণিবিন্যাসযোগ্য। কাস্টমস রুলিং (অগ্রিম) বিধিমালা, ২০১৬ এর বিধি ৯ মোতাবেক এই অগ্রিম রুলিং জারি করা হলো।

৬। **অগ্রিম রুলিং এর কার্যকারিতা:**

এই অগ্রিম রুলিং জারি হওয়ার তারিখ হতে ১৮ (আঠার) মাস পর্যন্ত কার্যকর থাকবে।

৭।	**আবেদনকারির জন্য গুরুত্বপূর্ণ তথ্যঃ**

(ক) Halima International, Dhaka এই অগ্রিম রুলিং এর কার্যকারিতা থাকাকালীন তদকর্তৃক আমদানিয় পণ্যের জন্য বাংলাদেশের সকল কাস্টমস স্টেশনে ব্যবহার করতে পারবে।

(খ) এই অগ্রিম রুলিং এ সংক্ষুব্ধ হলে Halima International রুলিং প্রাপ্তির তারিখ হতে ৬০ (ষাট) কার্যদিবসের মধ্যে তা রিভিউ এর জন্য অগ্রিম রুলিং ইউনিট বরাবর লিখিতভাবে আবেদন করতে পারবে। রিভিউ আবেদনে উক্তরূপ আবেদনের যৌক্তিকতা সবিস্তারে উল্লেখ করতে হবে।

স্বাক্ষরিত/-
(০৫-০৬-২০১৮ খ্রিঃ)
(মোঃ ফিরোজ শাহ্ আলম)
সদস্য (শুল্ক নীতি ও আইসিটি)
ও সভাপতি, অগ্রিম রুলিং ইউনিট

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

**কমিশনার, কাস্টম হাউস, চট্টগ্রাম/ ঢাকা/ বেনাপোল/ আইসিডি/ মোংলা/ পানগাঁও।**

নথি নং-০৮.০১.০০০০.০৫৪.১১.০০৩.১৮/

তারিখ: ২২ জ্যৈষ্ঠ, ১৪২৫ বঃ
৫ জুন, ২০১৮খ্রিঃ

**অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১-১৬। কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (উত্তর)/ ঢাকা (দক্ষিণ)/ ঢাকা (পূর্ব)/ ঢাকা (পশ্চিম)/ চট্টগ্রাম/ রাজশাহী/ সিলেট/ কুমিল্লা/ খুলনা/ যশোর/ রংপুর/ বৃহৎ করদাতা ইউনিট (মূসক)/ (আপীল) ঢাকা-১/ (আপীল) ঢাকা-২/ (আপীল) চট্টগ্রাম/ (আপীল) খুলনা।

১৭-২০। মহাপরিচালক, কাস্টমস গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, ঢাকা/ কাস্টমস রেয়াত ও প্রত্যর্পণ পরিদপ্তর, ঢাকা/ নিরীক্ষা, গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, মূল্য সংযোজন করা, ঢাকা/ কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট ট্রেনিং একাডেমি, চট্টগ্রাম।

২১-২২। কমিশনার, কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকা/ চট্টগ্রাম।

২৩। কমিশনার, কাস্টমস মূল্যায়ন ও অভ্যন্তরীণ নিরীক্ষা কমিশনারেট, ঢাকা।

২৪। প্রথম সচিব (কাস্টমস নীতি), জাতীয় রাজস্ব বোর্ড, সেগুনবাগিচা, ঢাকা।

২৫। দ্বিতীয় সচিব (কাস্টমস নীতি), জাতীয় রাজস্ব বোর্ড, সেগুনবাগিচা, ঢাকা।

২৬। Proprietor, Halima International, 21 no. Chawk Circular Road, Dhaka.

২৭। ব্যক্তিগত সহকারী, সদস্য (শুল্ক নীতি ও আইসিটি), জাতীয় রাজস্ব বোর্ড। [সদস্য মহোদয়ের সদয় অবগতির জন্য]

২৮। অফিস কপি/ গার্ড নথি।

০৫/০৬/১৮

(মোহাম্মদ তফছির উদ্দিন ভূঁঞা)
সদস্য সচিব, অগ্রিম রুলিং ইউনিট
ও দ্বিতীয় সচিব
কাস্টমস: ক্লাসিফিকেশন এন্ড এ্যাডভান্স রুলিং
ই-মেইল: nbrclassification@gmail.com